

ADC(R)
14/8
20/11/2021



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd



স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৩১.০০৫.২১.২২৮

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২০ মে ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান সংক্রান্ত।

আপনি যেনে অত্যন্ত আনন্দিত হবেন যে, অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য ভূমি মন্ত্রণালয় একটি অ্যাপ্লিকেশন প্রাটফর্ম তৈরি করেছে। এই প্রাটফর্মের মাধ্যমে নাগরিকগণ এখন ঘরে বসেই অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান করতে পারবেন। এ জন্য একজন নাগরিককে প্রথমেই নিম্নের যে-কোন একটি উপায়ে একটি ট্যাক্স সিস্টেমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে:

১. অনলাইন পোর্টাল land.gov.bd অথবা www.ltax.gov.bd - এ ঢুকে এনআইডি ও মোবাইল ফোন নম্বর এবং জন্মতারিখ এন্ট্রি করার মাধ্যমে; অথবা
২. কল সেন্টার নম্বর ৩৩৩ বা ১৬১২২ - এ ফোন করে এনআইডি নম্বর, জন্মতারিখ এবং জমির তথ্য প্রদান করার মাধ্যমে; অথবা
৩. এনআইডি ব্যবহার করে যে কোন ইউনিয়ন ডিজিটাল সেন্টার - এর মাধ্যমে।


উল্লেখ্য, রেজিস্ট্রেশনবিহীন কোন ব্যক্তি সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসে খাজনা প্রদানের জন্য উপস্থিত হলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা প্রথমেই তার সকল ডাটা এন্ট্রি করবেন। পাশাপাশি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা স্বউদ্যোগে হোল্ডিং মালিকদের তথ্য এন্ট্রির উদ্যোগ নিবেন।

০২। রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা নিজে ইউনিয়ন ভূমি অফিসে বসেই একটি ট্যাক্স সিস্টেমে অন্যান্য ডাটা অনলাইনে এন্ট্রি করবেন। এক্ষেত্রে তিনি আউটসোর্সিং বা ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাদের সহায়তা নিতে পারেন। ইউনিয়ন ভূমি অফিস-কর্তৃক এলডি ট্যাক্স সিস্টেমে প্রয়োজনীয় ডাটা এন্ট্রি করার জন্য ইতিমধ্যে জেলা প্রশাসকদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।

০৩। প্রসঙ্গত উল্লেখ্য, অনলাইনে খাজনা পরিশোধের পর কিউআর কোড-সম্বলিত অটোমেটেড দাখিলা জেনারেট হবে। এই ডিজিটাল দাখিলা যাতে সর্বস্তরে গ্রহণযোগ্য এবং অনলাইনে যাচাইযোগ্য হয়, সে লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় শীঘ্রই একটি পরিপত্র জারি করবে।

০৪। এক্ষেত্রে জেলা প্রশাসকগণ অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের বিষয়ে সাধারণ জনসাধারণের মাঝে উৎসবমুখর পরিবেশে ব্যাপক প্রচার-প্রচারণা চালাবেন যার ফলে তারা স্বপ্রণোদিত হয়ে নিজের রেজিস্ট্রেশন নিজেই সম্পন্ন করতে উদ্বুদ্ধ হন।

০৫। অনলাইনে নাগরিকগণের এলডি ট্যাক্স প্রদানের সামগ্রিক বিষয়টি নিবিড় মনিটরিংসহ প্রতি সপ্তাহে অনলাইনে ডাটা এন্ট্রির তথ্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(মো: মোস্তাফিজুর রহমান পি.এ.এ)

সচিব

ভূমি মন্ত্রণালয়

ফোন: ০২-৯৫৪৫১৩১

ই-মেইল: secretary@minland.gov.bd

জেলা প্রশাসক

..... (সকল)